

বাংলাদেশ



গেজেট

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, আগস্ট ২৯, ২০১৩

৩য় খণ্ড

প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত প্রতিরক্ষা মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ

প্রতিরক্ষা মন্ত্রণালয়

প্রজ্ঞাপন

তারিখ, ২ শ্রাবণ ১৪২০/১৭ জুলাই ২০১৩

নং ১ক-১/২০১০/ডি-১/২৩৮—বাংলাদেশ সেনাবাহিনীর নিম্নোক্ত সার্জেন্ট মোঃ আনোয়ার হোসেন, এএমসি-কে তাঁর অবসর গ্রহণের তারিখ থেকে সরকার কর্তৃক অনারারি ওয়ারেন্ট অফিসার (জুনিয়র কমিশন্ড অফিসার) পদ প্রদান করা হলো :

ক্রমিক নং	ব্যক্তিগত নম্বর	পদবী ও পেশা	নাম	ইউনিট/সংস্থা	অবসর গ্রহণের তারিখ
(১)	২০০৫৪২৯	সার্জেন্ট (জিডিএ)	মোঃ আনোয়ার হোসেন, এএমসি	৫১ ফিল্ড এ্যাম্বুলেন্স	৫ জুলাই ২০১৩

রাষ্ট্রপতির আদেশক্রমে

মাহফুজা আখতার  
উপ-সচিব।

প্রজ্ঞাপনসমূহ

তারিখ, ২ আষাঢ় ১৪২০/১৬ জুন ২০১৩

নং প্রম/৪এমই-৯/ইস্তফা/০৭/ডি-১২/২২৬—নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, প্রতিরক্ষা মন্ত্রণালয়ের আওতাধীন মিলিটারী ইঞ্জিনিয়ার সার্ভিসেস (এমইএস)-এর জনাব এ এস এম তামিম ইব্রাহিম (ব্যক্তিগত নম্বর-৮০২২৪), সহকারী প্রকৌশলী বি/আর কর্তৃক দাখিলকৃত পদত্যাগপত্র গ্রহণক্রমে সরকারের অনুমোদনের প্রেক্ষিতে তাঁকে ১ জুন ২০১৩ তারিখ থেকে চাকুরি হতে অব্যাহতি প্রদান করা হলো।

২। বিএস আর পার্ট-১-এর বিধি ৩০০ (এ) অনুযায়ী তিনি কোন প্রকার পেনশন প্রাপ্য হবেন না।

৩। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারী করা হল; এবং তা অবিলম্বে কার্যকর হবে।

তারিখ, ০৪ আষাঢ় ১৪২০/১৮ জুন ২০১৩

নং প্রম/৫এমই-৪/পিআরএল-১১/ডি-১২/২৩২—মিলিটারী ইঞ্জিনিয়ার সার্ভিসেস (এমইএস)-এর প্রশাসনিক কর্মকর্তা জনাব সৈয়দ আনোয়ারুল হুদা (ব্যক্তিগত নম্বর ৮০২৩৬) জন্ম তারিখ ৩০-১১-১৯৫৩ অনুযায়ী ২৯-১১-২০১২ তারিখে তাঁর বয়স ৫৯ বছর পূর্ণ হয়েছে। ১৯৫৯ সালের নির্ধারিত ছুটি বিধিমালার ৩(১) (ii) বিধি এবং The public Servants (Retirement) (Amendment) Act 2010-এর অনুচ্ছেদ-৩ অনুযায়ী জনাব সৈয়দ আনোয়ারুল হুদার বয়স ৫৯ বছর পূর্তিতে তাঁকে ২৯-১১-২০১২ তারিখ হতে অবসর প্রদান এবং ৩০-১১-২০১২ থেকে ০১-১২-২০১৩ তারিখ পর্যন্ত ১(এক) বছরের অবসর উত্তর ছুটি (Post retirement Leave) মঞ্জুর করা হল।

২। অর্থ বিভাগ হতে ৬ এপ্রিল ২০১০ তারিখে জারীকৃত অম/অবি/প্রবি-১/চাঃবিঃ-৩/২০১০(অংশ-৩)/৬২ নম্বর প্রজ্ঞাপন অনুযায়ী অবসর এবং পিআরএলকালীন সুবিধাদি তিনি প্রাপ্য হবেন।

৩। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ প্রজ্ঞাপন জারী করা হল।

রাষ্ট্রপতির আদেশক্রমে

ইকবাল মাহমুদ  
সিনিয়র সহকারী সচিব।

( ১৯৯ )

## প্রজ্ঞাপন

তারিখ, ৪ আষাঢ় ১৪২০/১৮ জুন ২০১৩

নং প্রম/প্রশ্রকক/সিলে/১১/ডি-১৮/৩৩৮—প্রতিরক্ষা মন্ত্রণালয়ের অধীন প্রধান প্রশাসনিক কর্মকর্তার কার্যালয়ের প্রশাসনিক আওতাধীন সেনাসদরে কর্মরত ১ম শ্রেণীর সিএসও-৩ (নন-টেকনিক্যাল) পদের ১(এক) জন কর্মকর্তাকে তাঁর নামের বিপরীতে উল্লিখিত তারিখ থেকে সিলেকশন গ্রেড (৭ম গ্রেড) প্রদান করা হল :

ক্রমিক নং	কর্মকর্তার নাম, পদবী এবং পরিচিতি নম্বর	প্রদেয় সিলেকশন গ্রেড এবং প্রাপ্যতার তারিখ	
		প্রাপ্য গ্রেড ও স্কেল	যে তারিখ থেকে প্রাপ্য
(১)	জনাব আবু কায়ছার মোহাম্মদ আমিরুল ইসলাম (পরিচিতি নম্বর-১১৮) সিএসও-৩ (নন-টেকনিক্যাল)	৭ম গ্রেড ও বেতনস্কেল টাকা ১৫০০০—২৬২০০ (জাঃ বেঃ স্কেল-২০০৯)	২৭ মার্চ ২০১১

২। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হল।

৩। উপরে বর্ণিত প্রাপ্যতার মেয়াদ অনুযায়ী সিলেকশন গ্রেড প্রদানের ক্ষেত্রে জাতীয় বেতনস্কেল, ২০০৯ প্রযোজ্য হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ আবু বকর ছিদ্দিক

উপ-সচিব।